

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৮০.০০৯.২৩ নথির বিষয়: Replacing of 225 mm dia water line at Ward no-59 of DSCC near Pagla Sewer Treatment Plant (North-east corner), West Mohammadbagh under MODS Zone-7, DWASA.

নোট: ১ নোটের বিষয়: Replacing of 225 mm dia water line at Ward no-59 of DSCC near Pagla Sewer Treatment Plant (North-east corner), West Mohammadbagh under MODS Zone-7, DWASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৬/৪/২৩ ৩:৩১ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর আওতাধীন ওয়ার্ড নং-৫৯ এর পশ্চিম মোহাম্মদবাগ এলাকায় পাগলা পয়ঃশোধনাগারের উত্তর - পূর্ব কর্ণারে সীমানা প্রাচীর অভ্যন্তরে একটি অন্তর্বর্তীকালীন বর্জ্য স্থানান্তর কেন্দ্র নির্মাণ কাজ চলমান রয়েছে। উক্ত এসটিএস নির্মাণস্থলে অর্থাৎ মূল স্থাপনার নিচে ঢাকা ওয়াসার পানির লাইন রয়েছে এবং বিদ্যমান পানির লাইন এসটিএস নির্মাণ স্থলের বাইরে স্থানান্তর করার জন্য নির্বাহী প্রকৌশলী, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে অত্র দপ্তরে পত্র প্রেরণ করেন। প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে নির্বাহী প্রকৌশলী মহোদয় এর নির্দেশক্রমে উল্লেখ্য সাইট সরেজমিনে সহকারী প্রকৌশলীসহ পরিদর্শন করা হয়। সাইট পরিদর্শনকালে দেখা যায় যে, পশ্চিম মোহাম্মদবাগ পানির পাম্প হতে হতে ২২৫ মিমি ব্যাসের পানির লাইন পাগলা পয়ঃশোধনাগার এর উত্তর-পূর্ব কর্ণার দিয়ে প্রবেশ করে এবং পানির লাইন পয়ঃশোধনাগার ভিতর দিয়ে গিয়ে পুনরায় পশ্চিম মোহাম্মদবাগ এলাকার সরবরাহ নেটওয়ার্ক এর সাথে সংযুক্ত হয়েছে। পাগলা পয়ঃশোধনাগার এর ভিতর দিয়ে যে অংশে পানির লাইন অতিক্রম করেছে সেই স্থানেই ঢাকা দক্ষিণ কর্পোরেশন কর্তৃক এসটিএস নির্মাণ কাজ চলমান রয়েছে। এখানে উল্লেখ্য যে, এসটিএস নির্মাণস্থল তুলনামূলক নিচু হওয়ায় রাবিশ ও মাটি ভরাট করে উঁচু করা হচ্ছে। বিদ্যমান পানির লাইন এর উপর স্থায়ী স্থাপনা নির্মাণ করা হলে অদূর ভবিষ্যতে উক্ত পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা দূর হইয়ে পড়বে। এছাড়া উক্ত নির্মাণ কাজ চলাকালীন সময় পানির লাইন ক্ষতিগ্রস্ত হলে পশ্চিম মোহাম্মদবাগ ও তৎসংলগ্ন এলাকায় পানির স্বল্পতা দেখা দিবে। সেমতে এলাকায় পানি সরবরাহ নিশ্চিত রাখা এবং ভবিষ্যতে রক্ষণাবেক্ষণ করার নিমিত্তে উক্ত এসটিএস এর স্থায়ী স্থাপনা নির্মাণের পূর্বেই উক্ত স্থান হতে পানির লাইন স্থানান্তর এর জন্য নির্বাহী প্রকৌশলী, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর চিঠি দেয়া হয়েছিল (সংযুক্তি নং-৪ দ্রষ্টব্য)। প্রাপ্ত চিঠির প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ এসটিএস নির্মাণস্থল হতে পানির লাইন স্থানান্তর করা জন্য অনুরোধ করেন (সংযুক্তি নং-৫)। সার্বিক দিক বিবেচনা করে এলাকায় পানি সরবরাহ নিশ্চিত রাখা এবং ভবিষ্যতে রক্ষণাবেক্ষণ করার নিমিত্তে উক্ত এসটিএস এর স্থায়ী স্থাপনা নির্মাণের পূর্বেই পানির লাইন স্থানান্তর করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৬/৪/২৩ ৩:৩৩ অপরাহ্ন

নির্দেশনা মোতাবেক আলোচ্য কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল এবং অত্র জোনের পূর্বানুমোদিত দরের (সংযুক্তি-৭ দ্রষ্টব্য) ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৮ দ্রষ্টব্য) প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে “পার্ট-এ”-তে বিভাগীয় মালামাল বাবদ ১,৯৫,৫০০.০০০ (এক লক্ষ পঁচানব্বই হাজার পাঁচ শত) টাকা মাত্র এবং “পার্ট-বি”-তে লেবার চার্জ বাবদ ২,৯৪,৩৯৮.৫৮২ (দুই লক্ষ চুরানব্বই হাজার তিন শত আটানব্বই দশমিক পাঁচ আট দুই) টাকা মাত্র সহ সর্বমোট ৪,৮৯,৮৯৮.৫৮২ (চার লক্ষ ঊননব্বই হাজার আট শত আটানব্বই দশমিক পাঁচ আট দুই) টাকা মাত্র। উল্লেখ্য যে, আলোচ্য কাজের জন্য “পার্ট-এ”-তে অন্তর্ভুক্ত মালামাল সমূহ ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার বিভাগ হতে সরবরাহ করা হবে। উল্লেখ্য যে, বর্তমানে রাস্তাটি কাঁচা রয়েছে বিধায় রাস্তা কাঁটার ক্ষতিপূরণের প্রয়োজন হবে না।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৬/৪/২৩ ৩:৩৪ অপরাহ্ন

আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের অত্র জোনের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-বি -১৩.৪০ (পানির লাইন রক্ষণাবেক্ষণ, থোক বরাদ্দ) হতে বহন করা হবে (সংযুক্তি-১)।

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১৬/৪/২৩ ৪:০০ অপরাহ্ন

আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তিসমূহ (৯):

১। ২০২২-২০২৩ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

- ২। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত পত্র স্মারক নং- ৪৬.২০৭.০০০.১২.০৫.৪০৯২.২০২২ তারিখ: ১৮/১২/২০২২ খ্রি:। বিষয়: ৫৯ নং ওয়ার্ড এর অন্তর্ভুক্তিকালীন বর্জ্য স্থানান্তর কেন্দ্র নির্মাণ কাজের সাইটে বিদ্যমান পানির লাইন স্থানান্তর প্রসংগে।
- ৩। স্মারক নং-৪৬.১১৩.৪১২.০০.০০.২০২৩.৪৬১, তারিখ: ০৯.০২.২০২৩ বিষয়: মডস জোন-৭ এর আওতাধীন ৫৯ নং ওয়ার্ডের অন্তর্গত পশ্চিম মোহাম্মদবাগ পানির পাম্পের বিদ্যমান ২২৫ মিমি ব্যাসের ডেলিভারী লাইন স্থানান্তর প্রসংগে।
- ৪। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত পত্র। স্মারক নং-৪৬.২০৭.০০০.১২.০৫.৪১৯৯.২০২৩, তারিখ: ১৫.০২.২০২৩ খ্রি:। বিষয়: ৫৯ নং ওয়ার্ডের অন্তর্ভুক্তিকালীন বর্জ্য স্থানান্তর কেন্দ্র নির্মাণ কাজের সাইটে বিদ্যমান ইউটিলিটি লাইন স্থানান্তর প্রসংগে।
- ৫। ঠিকাদারের প্রয়োজনীয় কাগজপত্র।
- ৬। খসড়া নকশা।
- ৭। পূর্বানুমোদিত দর।
- ৮। প্রাক্কলন।
- ৯। প্রতিবেদন।


অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ১৬/৪/২৩ ৪:০৩ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হতে ১.৩ এর বিস্তারিত বর্ণনার আলোকে “Replacing of 225 mm dia water line at Ward no-59 of DSCC near Pagla Sewer Treatment Plant (North-east corner), West Mohammadbagh under MODS Zone-7, DWASA” শীর্ষক পানির লাইনের স্থানান্তর কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে:-


ক) আলোচ্য কাজটি জরুরী বিধায় পিপিআর-২০০৮ এর ৭৬ বিধির ১(ট) উপ-বিধি মোতাবেক সরাসরি চুক্তির মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স সুমন বিল্ডার্স এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে “পার্ট-বি” তে পেশকৃত সর্বমোট ২,৯৪,৩৯৮.৫৮২ (দুই লক্ষ চুরানব্বই হাজার তিন শত আটানব্বই দশমিক পাঁচ আট দুই) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে।

খ) পূর্বানুমোদিত দরের ভিত্তিতে প্রাক্কলনের “পার্ট-এ”-তে বিভাগীয় মালামাল বাবদ ও “পার্ট-বি”-তে ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত মালামাল ও লেবার চার্জ বাবদ সর্বমোট ৪,৮৯,৮৯৮.৫৮২ (চার লক্ষ ঊননব্বই হাজার আট শত আটানব্বই দশমিক পাঁচ আট দুই) টাকা মাত্র প্রাক্কলিত মূল্য সদয় অনুমোদন। তদ্ব্যতীত প্রাক্কলিত দরপত্র মূল্য বাবদ ২,৯৪,৩৯৮.৫৮২ (দুই লক্ষ চুরানব্বই হাজার তিন শত আটানব্বই দশমিক পাঁচ আট দুই) টাকা মাত্র। আলোচ্য কাজের প্রাক্কলনটি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

প্রস্তাবসমূহ অনুমোদনের জন্য সনিয়ে উপস্থাপন করা হ’ল।



১৬/৪/২৩ ৪:১১ অপরাহ্ন
সদ্বীপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



১৭/৪/২৩ ২:০০ অপরাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



২০/৪/২৩ ৯:৪৫ পূর্বাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭



২৮/৪/২৩ ১০:১১ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১



৩০/৪/২৩ ৬:২৫ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

৩০/৪/২৩ ৬:২৫ অপরাহ্ন

এ. কে. এম. মহিদ উদ্দিন

উপ ব্যবস্থাপনা পরিচালক (ও-এন্ড-এস)

উপ ব্যবস্থাপনা পরিচালক (ও-এন্ড-এস)

এর দপ্তর

অনুচ্ছেদ ১.৫ - তারিখ: ১/৫/২৩ ৯:১৩ অপরাহ্ন

Forwarded for the approval of note 1.4.

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা




১/৫/২৩ ৯:১৩ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
ইপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
ইপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
এর দপ্তর

১/৫/২৩ ৯:১৩ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ৩/৫/২৩ ১:৫২ অপরাহ্ন

Okay



৩/৫/২৩ ১:৫২ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



৩/৫/২৩ ৪:১৪ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
ইপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
ইপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
এর দপ্তর



৭/৫/২৩ ৭:২৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)


৭/৫/২৩ ৭:২৭ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ৮/৫/২৩ ১২:১৮ অপরাহ্ন

Please take necessary steps/actions according to the approval of paragraph 1.6



৮/৫/২৩ ১২:১৮ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭



২৫/৬/২৩ ১২:৫৯ অপরাহ্ন
সফীপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা